



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/১৫

১০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৩১ তম (জরুরি) কমিশন সভা অদ্য ২২/০২/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

অদ্য ২২/০২/২০১৮ তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) -এ কৌশলগত বিনিয়োগকারী নিয়োগ সংক্রান্ত Shenzhen Stock Exchange এবং Shanghai Stock Exchange এর সমন্বয়ে গঠিত কনসোর্টিয়াম এর পক্ষে ডিএসই বোর্ডের সুপারিশকৃত প্রাপ্ত প্রস্তাব এর বিষয়ে কমিশনের এসআরএমআইসি বিভাগের উপস্থাপিত কার্যপত্রের উপর আলোচনা হয়।

এবিষয়ে এক্সচেঞ্জের ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ধারা ১২(১)(খ) এর বর্ণনা নিম্নরূপ:

“(খ) কোন কৌশলগত বিনিয়োগকারী, কমিশনের অনুমোদন সাপেক্ষে, উহার মোট ইস্যুকৃত শেয়ারের শতকরা ২৫ (পঁচিশ) ভাগ পর্যন্ত ধারণ করিতে পারিবেঃ
তবে শর্ত থাকে যে, কমিশন, জনস্বার্থে, এই সীমার অধিক শেয়ার ধারণ করিবার জন্য কোন কৌশলগত বিনিয়োগকারীকে অনুমোদন প্রদান করিতে পারিবে;


এছাড়াও, উক্ত আইনের ধারা ১৪(১)(ক) এর বর্ণনা নিম্নরূপ:

(ক) ব্লকড হিসাবে সংরক্ষিত শেয়ার হইতে মোট ইস্যুকৃত শেয়ারের অনধিক শতকরা ২৫ (পঁচিশ) ভাগ শেয়ার বিক্রয়ের জন্য কোন কৌশলগত বিনিয়োগকারীর সহিত ১(এক) বৎসর মেয়াদী বা কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের জন্য চুক্তি সম্পাদনঃ”

প্রেরিত প্রস্তাব পরিক্ষা নিরীক্ষা, বিশ্লেষণ ও পর্যালোচনার জন্য কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদকে আহ্বায়ক করে চার সদস্যের একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কমিটির অপর সদস্যগণ হচ্ছেনঃ

১. ড. এটিএম তারিকুজ্জামান, নির্বাহী পরিচালক, বিএসইসি, সদস্য;
২. জনাব মো: আনোয়ারুল ইসলাম, নির্বাহী পরিচালক, বিএসইসি, সদস্য; এবং
৩. জনাব মো: মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি, সদস্য সচিব।

উক্ত কমিটি আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে এতদসংক্রান্ত রিপোর্ট কমিশনের নিকট পেশ করবে।


২২/০২/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।